

## ২ টাকার নোটের নিরাপত্তা বৈশিষ্ট্যঃ



নোটের সম্মুখভাগ



নোটের পশ্চাৎভাগ

- ০১। বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান কর্তৃক স্বাক্ষরিত নোটটির আকার ১০০×৬০ মিঃমিঃ;
- ০২। নোটটি সিনথেটিক ফাইবার মিশ্রিত অধিক টেকসই কাগজে মুদ্রিত;
- ০৩। নোটটিতে নিম্নোক্ত জলছাপ বিদ্যমানঃ
  - জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি;
  - অতি উজ্জ্বলভাবে প্রদর্শিত নোটের মূল্যমান '২' এর ইলেকট্রোটাইপ জলছাপ;
  - বঙ্গবন্ধুর প্রতিকৃতির বামপাশে প্রদর্শিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মনোগ্রাম যা প্রতিকৃতির তুলনায় উজ্জ্বল।
- ০৪। নোটের বামদিকে বিদ্যমান ২ মিঃমিঃ চওড়া নিরাপত্তা সূতাটি নোটের কাগজের ভিতর প্রবিষ্ট যা আলোর বিপরীতে ধরে উভয় দিক হতে দেখা যাবে;
- ০৫। বঙ্গবন্ধুর প্রতিকৃতির বামপাশে সর্ব সরলরেখাটিতে 'BANGLADESH' লেখাটি একাধিকবার মুদ্রিত আছে যা আতশি কাচের সহায়তায় দেখা যাবে;
- ০৬। নোটের বামপাশে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি এবং মাঝখানে জাতীয় স্মৃতিসৌধ হালকা রঙে মুদ্রিত;
- ০৭। নোটের পশ্চাৎভাগে শহীদ মিনারের ছবি মুদ্রিত।